

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ২৪৭.২০১৮- ০২২৮

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৫
৩০ জুলাই ২০১৮


বিষয় : রীট পিটিশন নং- ৮০৩৮/২০১৮ [পিটিশনার জনাব সালামত উল্লাহ বাবুল, পিতা- হাজী গোলাম রহমান, কাউন্সিলর, ৫নং ওয়ার্ড, কক্সবাজার পৌরসভা, গ্রাম- এস.এম পাড়া, কক্সবাজার সদর, জেলা- কক্সবাজার - বনাম - সরকার ও অন্যান্য] এর আরজীর আলোকে দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ হাইকোর্ট বিভাগের ৬.৬.২০১৮ তারিখের রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পর্যটন নগরী কক্সবাজার শহর সংলগ্ন কক্সবাজার মৌজার বিমান বন্দর এলাকা এবং ঝিলংজা ইউনিয়নের কতিপয় এলাকাকে শহর ঘোষণার মাধ্যমে ৫ জানুয়ারি ২০০৩ সালে গেজেটমুক্ত কক্সবাজার পৌরসভার অর্ন্তভুক্ত করা হয়। উক্ত গেজেট ঝিলংজা মৌজার বি.এস ২নং সিটের বি এস ৩০০১, ৩০০৩-৩০২৪ দাগের বাদ পড়া এলাকা এবং একই মৌজায় বি এস ৯ নং সিটের বি এস দাগ নং ১৭০০১-০৭০৩৬, ০৭০০৩৮-১৭০৪৩, ১৭০৮৫-১৭০৪৮, ১৭০৬৫(আংশিক), ১৭০৬৭(আংশিক), ১৭০৬, ১৭০৭০(আংশিক), ১৭০৭২-১৭১২১, ১৭১৯৪-১৭২০১, ১৭২১১-১৭২৫৩, ১৭৫৮৪, ১৭৫৮৮-১৭৫৯১, ১৭৫৯৩-১৭০৫৯৫ দাগের বাদ পড়া এলাকাসমূহ কক্সবাজার পৌরসভার অর্ন্তভুক্ত করার দাবীতে স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব মহোদয়সহ ৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে রীট পিটিশন নং ৮০৩৮/২০১৮ দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অস্ত্রে রুল ইস্যু পূর্বক প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালতের রুল এবং রীটের আরজির আলোকে সরকার পক্ষে রিটে প্রতিদ্বন্দিতার লক্ষ্যে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে দফাওয়ারী জবাব এবং ঘটনার প্রকৃত বিবরণী (Statement of Defense) ও প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে ২ (দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণে ব্যর্থ হলে দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি।


(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

ফোনঃ+৮৮০(২) ৯৫৪০৯৯৫

e-Mail: dslaw1.lgd.gov@gmail.com

১. জেলা প্রশাসক,
কক্সবাজার।
২. উপসচিব (পৌর-১)
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি/ কার্যার্থে অনুলিপি :

১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/ মাস্টার কপি।